

২৮ আসন ফাঁকা রেখেই কুবিতে ভর্তি কার্যক্রম শেষ

কুবি প্রতিনিধি

২৯ জুলাই ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক
আমাদেশময়

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি কার্যক্রম শেষ হয়েছে বিভিন্ন অনুষদের ২৮টি আসন ফাঁকা রেখেই। গত রবিবার বিষয়টি নিশ্চিত

করেছেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন।

রেজিস্ট্রার দণ্ডের সূত্রে জানা গেছে, গত ২৩ জুলাই সপ্তম মেধাতালিকা প্রকাশের মাধ্যমে ভর্তি কার্যক্রমের আনুষ্ঠানিক ইতি ঘটে। সপ্তম মেধাতালিকার ভর্তি কার্যক্রম শেষে ‘এ’ ইউনিটে ১৪টি, ‘বি’ ইউনিটে ১৩টি এবং ‘সি’ ইউনিটে ১টিসহ মোট ২৮টি আসন ফাঁকা রয়েছে। রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন বলেন, সপ্তম মেধাতালিকা প্রকাশের মাধ্যমে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি কার্যক্রম শেষ হয়েছে।